আইসিটি শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখঃ ২৮/০৬/২৬
ডায়রী নং- ৩৭২২
এআইজি আইসিটি
অতিঃ এসপি (আইসিটি)
এএসপি (আইসিটি)

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া
ঢাকা-১০০০
www.police.gov.bd

*অতীব জরুরি*
ফ্যাক্স /ই-মেইল

স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০২.০১০(অংশ).২৬/১০৮০(৮৪)

তারিখ: ০৮ আষাঢ়, ১৪৩৩
২২ জুন, ২০২৬

**বিষয় :** **বাংলাদেশ পুলিশে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগ, ফেব্রুয়ারি-২০২৬ এর বাছাইকৃত প্রার্থীদের মৌলিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০.০২৮.০২.০১০.২৬/৩২৯(৭২); তারিখ-০৬.০৪.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগ, ফেব্রুয়ারি-২০২৬ এ সকল জেলা হতে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত সংখ্যা নির্ধারিত হয়েছে। সংযুক্ত তালিকা মোতাবেক জেলাভিত্তিক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকেন্দ্রে বিভাজন অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণকরত আগামী **০১.০৭.২০২৬** খ্রি. তারিখে রিপোর্ট এবং চূড়ান্ত বাছাই পর্বে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে-

১. পুলিশ স্কর্টসহ প্রত্যেক জেলার আরওআই/আরও-১ এর মাধ্যমে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে **রিপোর্টিংয়ের তারিখ ও সময় ঃ ০১.০৭.২০২৬ খ্রি.; ১৫.০০ ঘটিকা;**
২. নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণের সময় প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের যাবতীয় তথ্য সংবলিত তালিকা http://bpadmin.teletalk.com.bd/trc লিংকে প্রবেশকরত ইতোপূর্বে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে সংশ্লিষ্ট জেলার ড্যাশ বোর্ড পেইজের Record Book (Balam Bohi) এর Print অপশন হতে কোটাভিত্তিক প্রিন্ট করে ফরওয়াডিংসহ **হার্ডকপি** সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থীদের তথ্য সংক্রান্ত সফটকপি প্রেরণের প্রয়োজন হবে না। এক্ষেত্রে, NGPIMS Software থেকে প্রশিক্ষণ কেন্দ্রসমূহ স্বয়ংক্রিয়ভাবে সংগ্রহ করতে পারবে;
৩. প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত যাবতীয় ডকুমেন্টের মূলকপি, স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত ডকুমেন্টের (Part 1- Medical History, Part 2- Health Examination এর Part 2.1- Physical Test, Part 2.2 Pathological Investigation Report (Report from Central Police Hospital) ও স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্তে জেলায় গঠিত মেডিকেল বোর্ডের মতামত) মূলকপি এবং পুলিশ ভেরিফিকেশন সংক্রান্ত ডকুমেন্টের মূলকপি প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, নিয়োগ সংক্রান্ত যাবতীয় ডকুমেন্ট, স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত ডকুমেন্ট (Part 1- Medical History, Part 2- Health Examination এর, Part 2.1- Physical Test, Part 2.2 Pathological Investigation Report (Report from Central Police Hospital) ও স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্তে জেলায় গঠিত মেডিকেল বোর্ডের মতামত) এবং পুলিশ ভেরিফিকেশন সংক্রান্ত ডকুমেন্টের ফটোকপি সংশ্লিষ্ট জেলায় সংরক্ষণ করতে হবে;
৪. প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে রিপোর্টিংয়ের সময় প্রত্যেক প্রার্থী কর্তৃক নিম্নোক্ত টেবিল-১ এ বর্ণিত মালামাল সঙ্গে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করতে হবে;

**টেবিল-১: প্রশিক্ষণার্থী কর্তৃক ব্যক্তিগতভাবে বহনকৃত মালামাল**

| যাদের জন্য প্রযোজ্য | প্রয়োজনীয় মালামাল | সংখ্যা/পরিমাণ |
|---|---|---|
| টিআরসি (পুরুষ) | ১. কালো স্যু | ১ জোড়া |
| | ২. সাদা পায়জামা, সাদা পাঞ্জাবি ও নামাজের জন্য টুপি (শুধুমাত্র মুসলিমদের জন্য) | ১ টি করে |
| | ৩. সাদা স্যান্ডো গেঞ্জি, লুঙ্গি ও ট্রাউজার | ২ টি করে |
| | ৪. সেভিং কিটস | প্রয়োজনমত |
| টিআরসি (নারী) | ১. সাদা ওড়না, সাদা সালোয়ার ও স্কাই-ব্লু-কামিজ | ২ টি করে |
| | ২. কালো পাম্প স্যু | ১ জোড়া |
| | ৩. শেমিজ ও ট্রাউজার | ২ সেট |
| টিআরসি (পুরুষ/নারী) | ১. স্যান্ডেল স্যু, স্যান্ডেল (স্পঞ্জ) ও শীতবস্ত্র (প্রয়োজন মত) | ১ জোড়া করে |
| | ২. বিছানা সামগ্রী (লেপ, তোষক ইত্যাদি) | ১ সেট |
| | ৩. পেস্ট, চিরুনী, নেইল কাটার, গামছা | ১ টি করে |
| | ৪. মাস্ক, হ্যান্ড সেনিটাইজার, ছোট কাঁচি (Scissor) ও সাবান/ডিটারজেন্ট, শ্যাম্পু, বোতাম ও সুঁই-সুতা বক্স, তালা ও চাবি ইত্যাদিসহ ব্যক্তিগত ব্যবহার্য অন্যান্য জিনিসপত্র | প্রয়োজন মত |
| | পকেট মানি | প্রয়োজন মত |
| **"কোনো প্রার্থী মোবাইল ফোন সঙ্গে আনতে পারবে না"** | | |

উল্লেখ্য, টেবিল-১ এ উল্লিখিত পোশাক সামগ্রী সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে ক্রয় করার সুবিধা থাকবে। সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অন্তর্ভুক্তকরণ পরবর্তী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা তারিখ-১১ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ/২৫ মার্চ ২০১৯ খ্রি. এর এসআরও নং ৮৬-আইন/২০১৯ এ প্রকাশিত প্রাধিকার অনুযায়ী মালামাল সরকারিভাবে সরবরাহ করা হবে। এছাড়া, ডাইনিংয়ে ক্রোকারীজ সামগ্রী (গ্লাস/প্লেট/বাটি ইত্যাদি) প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক সরবরাহ করতে হবে। টেক্সট বুক হিসেবে "কনস্টেবল হ্যান্ডবুক" এবং "United Nations Standard Public Order Management & Basic Police Technique Manual" বই ২টি পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রশিক্ষণার্থীদের সরবরাহ করা হবে।

৫. নারী টিআরসি প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনীয় মেডিকেল টেস্ট সংশ্লিষ্ট জেলা হতে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় মেডিকেল টেস্ট পরবর্তী নারী টিআরসি প্রার্থীগণ প্রশিক্ষণে অন্তর্ভুক্তির জন্য বিবেচিত হবে;

৬. ৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ সম্পন্নের পর পদায়নকৃত ইউনিটে যোগদান পরবর্তী iBAS++ এর মাধ্যমে Pay Fixation এবং বেতন বিল দাখিলের সময় জাতীয় পরিচয়পত্র (এনআইডি) আবশ্যক বিধায় প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.

০২.০১০(অংশ).২৬/১০৭৫(৭৪); তারিখ-২২.০৬.২০২৬ খ্রি. মূলে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণের পূর্বে আলোচ্য স্মারক মূলে প্রদত্ত নির্দেশনার শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

৭. আগামী ০২.০৭.২০২৬ খ্রি. তারিখে সংশ্লিষ্ট প্রশিক্ষণকেন্দ্রসমূহে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। চূড়ান্ত বাছাই কার্যক্রম শেষে চূড়ান্তভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের আগামী **০২.০৭.২০২৬ খ্রি.** হতে ৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ আরম্ভ করতে হবে;

৮. চূড়ান্ত বাছাই কার্যক্রম শেষে অযোগ্য প্রার্থীসহ সংশ্লিষ্ট জেলার আরওআই/আরও-১ নিজ নিজ জেলায় ফেরত যাবেন;

৯. চূড়ান্ত বাছাই পর্ব সমাপ্ত পরবর্তী কোনো প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণের সুযোগ থাকবে না এবং

১০. আগামী **০১.০৭.২০২৬ খ্রি. তারিখ** ১৬.০০ ঘটিকায় সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে ব্রিফিং অনুষ্ঠিত হবে। উক্ত ব্রিফিংয়ে সংশ্লিষ্ট জেলার আরওআই/আরও-১গণকে উপস্থিত থাকতে হবে।

এমতাবস্থায়, প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের আগামী ০১.০৭.২০২৬ খ্রি. তারিখে উপরিউক্ত নির্দেশনা অনুসরণকরতঃ নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.০৬.২৬

মোঃ আবু হাসান, বিপিএম-সেবা
বিপি-৭৫০৫১০৯০২১
অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফ্যাক্স : ০২-২২৩৩৫৫৩১৯
ই-মেইল-addldigr_cp1@police.gov.bd

সংযুক্ত ঃ ০২(দুই) পাতা

পুলিশ সুপার (সকল জেলা)

ঢাকা/নারায়ণগঞ্জ/মুন্সীগঞ্জ/মানিকগঞ্জ/গাজীপুর/নরসিংদী/ফরিদপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদারীপুর/শরীয়তপুর/কিশোরগঞ্জ/টাঙ্গাইল/চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/জয়পুরহাট/বগুড়া/পাবনা/সিরাজগঞ্জ/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/বরিশাল/ভোলা/ঝালকাঠি/পিরোজপুর/পটুয়াখালী/বরগুনা/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/রংপুর/নীলফামারী/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/ময়মনসিংহ/নেত্রকোণা/শেরপুর/জামালপুর জেলা।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. প্রিন্সিপ্যাল, পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
২. কমান্ড্যান্ট (ডিআইজি), পিটিসি, টাঙ্গাইল/খুলনা/নোয়াখালী/রংপুর
৩. কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
৪. অ্যাডিশনাল ডিআইজি (ট্রেনিং-১/ট্রেনিং-২/লজিস্টিকস/ডেভেলপমেন্ট/ফিন্যান্স অ্যান্ড বাজেট/রিপেয়ার অ্যান্ড মেইনটেন্যান্স/ফিন্যান্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. এআইজি (ট্রেনিং-৩/পিএম-৩/পিআইএমএস/সাপ্লাই/আর্মস অ্যান্ড অ্যামুনিশন/ইকুইপমেন্ট/আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. ইনচার্জ, কন্ট্রোল রুম, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (পত্রটি ফ্যাক্স বার্তার মাধ্যমে সংশ্লিষ্ট জেলা/ইউনিটে প্রেরণসহ টেলিফোনে নিশ্চিতপূর্বক স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

**বাংলাদেশ পুলিশে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগ, ফেব্রুয়ারি-২০২৬ এ প্রাথমিকভাবে নির্বাচিত জেলাভিত্তিক প্রার্থীদের প্রশিক্ষণ কেন্দ্রের বিপরীতে প্রেরণের সংখ্যা বিভাজন (সংশোধিত) -**

| পুরুষ প্রার্থীর সংখ্যা (জন) | | | | | | নারী প্রার্থীর সংখ্যা (জন) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশিক্ষণ কেন্দ্রের নাম | ক্রম | জেলা | প্রার্থীর সংখ্যা | মন্তব্য | প্রশিক্ষণ কেন্দ্রের নাম | ক্রম | জেলা | প্রার্থীর সংখ্যা | মন্তব্য |
| ১. | বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী | ১. | পঞ্চগড় | ১৭ | | পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর | ১. | পঞ্চগড় | ২ | |
| | | ২. | ঠাকুরগাঁও | ২৪ | | | ২. | ঠাকুরগাঁও | ২ | |
| | | ৩. | রংপুর | ৪৬ | | | ৩. | রংপুর | ৮ | |
| | | ৪. | বগুড়া | ৫৪ | ১ জন জুন-২০২৫ ব্যাচ | | ৪. | বগুড়া | ১১ | |
| | | ৫. | নওগাঁ | ৪৪ | ১ জন জুন-২০২৫ ব্যাচ | | ৫. | নওগাঁ | ৬ | |
| | | ৬. | জয়পুরহাট | ১৬ | | | ৬. | জয়পুরহাট | ১ | |
| | | | মোট = | ২০১ | | | | | ০ | |
| ২. | পুলিশ ট্রেনিং সেন্টার, টাঙ্গাইল | ১. | রাজশাহী | ৪৬ | | | ৭. | রাজশাহী | ৩ | |
| | | ২. | সিরাজগঞ্জ | ৫৪ | | | ৮. | সিরাজগঞ্জ | ৪ | |
| | | ৩. | চাঁপাইনবাবগঞ্জ | ২৯ | | | ৯. | চাঁপাইনবাবগঞ্জ | ২ | |
| | | ৪. | ময়মনসিংহ | ৮২ | | | ১০. | ময়মনসিংহ | ১৪ | |
| | | ৫. | দিনাজপুর | ৪৬ | ১জন জুন-২০২৫ ব্যাচ | | ১১. | দিনাজপুর | ১১ | |
| | | ৬. | গাইবান্ধা | ৩৯ | | | ১২. | গাইবান্ধা | ৬ | |
| | | ৭. | লালমনিরহাট | ১৯ | | | ১৩. | লালমনিরহাট | ৫ | |
| | | ৮. | কুড়িগ্রাম | ৩৫ | | | ১৪. | কুড়িগ্রাম | ৪ | |
| | | ৯. | নীলফামারী | ৩১ | | | ১৫. | নীলফামারী | ৩ | |
| | | ১০. | পাবনা | ৪১ | | | ১৬. | পাবনা | ৬ | |
| | | ১১. | জামালপুর | ৩৮ | | | ১৭. | জামালপুর | ৫ | |
| | | ১২. | নাটোর | ২৮ | | | ১৮. | নাটোর | ৫ | ১ জন জুন-২০২৫ ব্যাচ |
| | | ১৩. | মানিকগঞ্জ | ২০ | | | ১৯. | মানিকগঞ্জ | ৬ | |
| | | | মোট = | ৫০৮ | | | | | ০ | |
| ৩. | পুলিশ ট্রেনিং সেন্টার, নোয়াখালী | ১. | গাজীপুর | ৪৫ | | | ২০. | গাজীপুর | ৯ | |
| | | ২. | ঢাকা | ১৭১ | ২ জন জুন-২০২৫ ব্যাচ | | ২১. | ঢাকা | ৭ | |
| | | ৩. | টাঙ্গাইল | ৬৩ | | | ২২. | টাঙ্গাইল | ৫ | |
| | | ৪. | নেত্রকোণা | ৪০ | | | ২৩. | নেত্রকোণা | ২ | |
| | | ৫. | শেরপুর | ২২ | | | ২৪. | শেরপুর | ৩ | |
| | | ৬. | সিলেট | ৫৫ | | | ২৫. | সিলেট | ৯ | |
| | | ৭. | কিশোরগঞ্জ | ৫০ | ১ জন জুন-২০২৫ ব্যাচ | | ২৬. | কিশোরগঞ্জ | ৬ | |
| | | ৮. | চাঁদপুর | ৪৩ | ১ জন জুন-২০২৫ ব্যাচ | | ২৭. | চাঁদপুর | ৩ | |
| | | ৯. | সুনামগঞ্জ | ৪২ | | | ২৮. | সুনামগঞ্জ | ৪ | |
| | | ১০. | খুলনা | ৪২ | | | ২৯. | খুলনা | ২ | |
| | | ১১. | হবিগঞ্জ | ৩৭ | | | ৩০. | হবিগঞ্জ | ২ | |
| | | ১২. | লক্ষ্মীপুর | ৩০ | | | ৩১. | লক্ষ্মীপুর | ২ | |
| | | ১৩. | মৌলভীবাজার | ২৭ | | | ৩২. | মৌলভীবাজার | ৫ | |
| | | ১৪. | রাঙ্গামাটি | ১০ | | | ৩৩. | রাঙ্গামাটি | ১ | |
| | | | মোট = | ৬৭৭ | | | | | ০ | |
| ৪. | পুলিশ ট্রেনিং সেন্টার, খুলনা | ১. | যশোর | ৪৭ | | | ৩৪. | যশোর | ৫ | |
| | | ২. | মাদারীপুর | ১৯ | | | ৩৫. | মাদারীপুর | ৩ | |
| | | ৩. | শরীয়তপুর | ১৬ | | | ৩৬. | শরীয়তপুর | ৬ | |
| | | ৪. | নারায়নগঞ্জ | ৫০ | | | ৩৭. | নারায়নগঞ্জ | ৫ | |
| | | ৫. | ফরিদপুর | ৩৬ | ১ জন জুন-২০২৫ ব্যাচ | | ৩৮. | ফরিদপুর | ১ | |

| পুরুষ প্রার্থীর সংখ্যা (জন) | | | | | | নারী প্রার্থীর সংখ্যা (জন) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | প্রশিক্ষণ কেন্দ্রের নাম | ক্রম | জেলা | প্রার্থীর সংখ্যা | মন্তব্য | প্রশিক্ষণ কেন্দ্রের নাম | ক্রম | জেলা | প্রার্থীর সংখ্যা | মন্তব্য |
| | পুলিশ ট্রেনিং সেন্টার, খুলনা | ৬. | গোপালগঞ্জ | ২০ | | পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর | ৩৯. | গোপালগঞ্জ | ২ | |
| | | ৭. | মুন্সীগঞ্জ | ২৪ | | | ৪০. | মুন্সীগঞ্জ | ৩ | |
| | | ৮. | বরিশাল | ৪০ | | | ৪১. | বরিশাল | ৪ | |
| | | ৯. | ভোলা | ৩৩ | | | ৪২. | ভোলা | ০ | |
| | | ১০. | সাতক্ষীরা | ৩২ | ১ জন ফেব্রু-২০২৫ব্যাচ | | ৪৩. | সাতক্ষীরা | ৬ | |
| | | ১১. | কুষ্টিয়া | ৩১ | | | ৪৪. | কুষ্টিয়া | ৫ | |
| | | ১২. | ঝিনাইদহ | ২৮ | | | ৪৫. | ঝিনাইদহ | ৫ | |
| | | ১৩. | বাগেরহাট | ২৬ | | | ৪৬. | বাগেরহাট | ২ | |
| | | ১৪. | চুয়াডাঙ্গা | ২০ | | | ৪৭. | চুয়াডাঙ্গা | ১ | |
| | | ১৫. | রাজবাড়ী | ১৯ | | | ৪৮. | রাজবাড়ী | ১ | |
| | | ১৬. | পিরোজপুর | ১৯ | | | ৪৯. | পিরোজপুর | ২ | |
| | | ১৭. | পটুয়াখালী | ২৫ | | | ৫০. | পটুয়াখালী | ৪ | |
| | | ১৮. | বরগুনা | ১৬ | | | ৫১. | বরগুনা | ১ | |
| | | ১৯. | মাগুরা | ১৪ | | | ৫২. | মাগুরা | ৩ | |
| | | ২০. | নড়াইল | ১১ | | | ৫৩. | নড়াইল | ৩ | |
| | | ২১. | মেহেরপুর | ১২ | ১ জন জুন-২০২৫ ব্যাচ | | ৫৪. | মেহেরপুর | ১ | |
| | | ২২. | ঝালকাঠি | ১০ | | | ৫৫. | ঝালকাঠি | ৩ | |
| | | | মোট = | ৫৪৮ | | | | | ০ | |
| ৫. | পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি | ১. | চট্টগ্রাম | ১২৫ | ২ জন জুন-২০২৫ ব্যাচ | | ৫৬. | চট্টগ্রাম | ১৯ | |
| | | ২. | ব্রাহ্মণবাড়িয়া | ৫০ | | | ৫৭. | ব্রাহ্মণবাড়িয়া | ৩ | |
| | | ৩. | নরসিংদী | ৩৮ | | | ৫৮. | নরসিংদী | ৪ | |
| | | ৪. | কুমিল্লা | ৯৬ | | | ৫৯. | কুমিল্লা | ৫ | |
| | | ৫. | কক্সবাজার | ৪২ | | | ৬০. | কক্সবাজার | ১ | |
| | | ৬. | নোয়াখালী | ৫৬ | | | ৬১. | নোয়াখালী | ২ | |
| | | ৭. | খাগড়াছড়ি | ১০ | | | ৬২. | খাগড়াছড়ি | ২ | |
| | | ৮. | বান্দরবান | ৭ | | | ৬৩. | বান্দরবান | ০ | |
| | | ৯. | ফেনী | ২৬ | | | ৬৪. | ফেনী | ১ | |
| | | | মোট = | ৪৫০ | | | | | ০ | |
| | | | সর্বমোট = | ২৩৮৪ | | | | মোট = | ২৬৭ | |


মোঃ আবু হাসান, বিপিএম-সেবা
বিপি-৭৫০৫১০৯০২১
অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফোন ও ফ্যাক্স : ০২-২২৩৩৫৫৩১৯
ই-মেইল-addldigr_cp1@police.gov.bd